



বাংলাদেশ স্কাউটস, জাতীয় সদর দফতর
প্রাথমিক বিদ্যালয় সমূহে কাব স্কাউটিং সম্প্রসারণ (৪র্থ পর্যায়) প্রকল্প
৬০, আঞ্জুমান মুফিদুল ইসলাম রোড, কাকরাইল, ঢাকা-১০০০



মুজিব
নবাব
১০০

স্মারক- বাঃস্কাঃপ্রা: বি: কা: স্কা: স: প্র:৪র্থ/(৩৯৭)/(১)/২০২০

তারিখঃ ১৩ এপ্রিল ২০২১

নিয়োগ বিজ্ঞপ্তি

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতায় বাংলাদেশ স্কাউটস কর্তৃক বাস্তবায়নাধীন “প্রাথমিক বিদ্যালয় সমূহে কাব স্কাউটিং সম্প্রসারণ (৪র্থ পর্যায়)” প্রকল্পে সরকারি বিধি অনুযায়ী নিম্নবর্ণিত শূন্য পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রকল্প মেয়াদে নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে শর্তাদি পূরণ সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা হচ্ছেঃ

পদের নাম, পদ সংখ্যা ও	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
হিসাবরক্ষক- ০১ জন; বেতন (সাকুল্যে): ২৫,০০০ টাকা	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্যে ন্যূনতম ২য় শ্রেণীর স্নাতক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ	(ক) এমএস অফিস (এমএসওয়ার্ড, এক্সেল, পিপিটি তৈরী) এবং কম্পিউটার চালনায় বাস্তব অভিজ্ঞতা, (খ) সরকারি উন্নয়ন প্রকল্পে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

শর্তাবলী :

- ১। প্রার্থীদের পূর্ণ জীবন বৃত্তান্তসহ আবেদনপত্র (মোবাইল নম্বর ও ই-মেইল আইডিসহ) ও সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের কপি, জাতীয় পরিচয়পত্রের কপি, আবেদনে উল্লিখিত সকল অভিজ্ঞতার সনদ এবং ৩ কপি পাসপোর্ট সাইজের ছবি আগামী ২৪ মে ২০২১ তারিখের মধ্যে প্রকল্প পরিচালক, প্রাথমিক বিদ্যালয় সমূহে কাব স্কাউটিং সম্প্রসারণ (৪র্থ পর্যায়) প্রকল্প, জাতীয় স্কাউট ভবন, বাংলাদেশ স্কাউটস, ৬০ আঞ্জুমান মুফিদুল ইসলাম সড়ক, কাকরাইল, ঢাকা-১০০০ ঠিকানায় ডাকযোগে/সরাসরি পৌঁছাতে হবে।
- ২। আবেদনকারীর বয়স ২৪ মে ২০২১ তারিখে সর্বোচ্চ ৩০ বছর এবং সর্বনিম্ন ১৮ বছর। মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা ক্ষেত্রে বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স প্রমাণের ক্ষেত্রে এসএসসি বা সমমানের সনদ বিবেচ্য হবে।
- ৩। আবেদনকারীকে ৩০০.০০(তিনশত) টাকা মূল্যের (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার 'প্রাথমিক বিদ্যালয় সমূহে কাব স্কাউটিং সম্প্রসারণ (৪র্থ পর্যায়) প্রকল্প' শিরোনামে রূপালী ব্যাংক লিমিটেড, নয়পল্টন কর্পোরেট শাখা, ঢাকা এর অনুকূলে প্রেরণ করতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ৪। লিখিত পরীক্ষায় উত্তীর্ণদের সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র/প্রশংসাপত্রের মূলকপি মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে।
- ৫। ক্রটিপূর্ণ/ অসম্পূর্ণ/ বিলম্বে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।
- ৬। প্রকল্পের হিসাব সংরক্ষণ, বিল পেমেন্ট, বিল ভাউচার, নথি প্রস্তুতকরণ, মহাহিসাব নিরীক্ষকের কার্যালয়ে বিল ভাউচার সমন্বয় ইত্যাদি সকল কাজে প্রকল্প পরিচালকের নিকট জবাবদিহি করতে হবে।
- ৭। কোনো পাবলিক পরীক্ষায় তৃতীয় বিভাগ/শ্রেণী প্রাপ্তদের আবেদন করার প্রয়োজন নেই।
- ৮। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ৯। কোন কারণ দর্শানো ব্যাতিরেকে কর্তৃপক্ষ এ নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।
- ১০। প্রকল্প শেষে নিয়োগপত্র আপনা আপনি চাকুরি হতে অব্যাহতি পত্র হিসেবে গণ্য হবে।

প্রকল্প পরিচালক